গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
পরিকল্পনা-২ শাখা
www.mor.gov.bd

নং- ৫৪.০০.০০০০.০০৩.০১৪.১৩.২০১৭-৩৪

তারিখঃ ২৫ মাঘ, ১৪২৮
০৮ ফেব্রুয়ারি, ২০২২

বিষয়ঃ প্রজেক্ট স্টিয়ারিং কমিটি (পিএসসি) সভার কার্যবিবরণী

উপর্যুক্ত বিষয়ে "বাংলাদেশ রেলওয়ের মধুখালী হতে কামারখালী হয়ে মাগুরা পর্যন্ত রেললাইন নির্মাণ" শীর্ষক প্রকল্পের উপর রেলপথ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে ০২ ফেব্রুয়ারি, ২০২২ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে

08/02/2022
(মুহাম্মদ আব্দুস সালাম)
উপসচিব
ফোন: ৪১০৫০২৩৮
planning2mor@gmail.com

বিতরণ (সদয় অবগতি/কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সচিব, পরিকল্পনা বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা [দৃ:আ: যুগ্ম প্রধান, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ]
৩। সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা [দৃ:আ: মহাপরিচালক, সেক্টর-২]
৪। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলানগর, ঢাকা (দৃ:আ: যুগ্ম প্রধান, ভৌত অবকাঠামো উইং)
৫। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা [দৃ:আ: যুগ্ম প্রধান, রেল পরিবহণ উইং]
৬। সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা
৭। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা
৮। অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা) রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা
৯। অতিরিক্ত মহাপরিচালক (অবকাঠামো), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা
১০। যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা
১১। যুগ্মসচিব, উন্নয়ন অধিশাখা, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা
১২। প্রধান পরিকল্পনা কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা
১৩। উপসচিব, উন্নয়ন-৩ শাখা, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা
১৪। উপসচিব, পরিকল্পনা-১ শাখা, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা
১৫। প্রকল্প পরিচালক, "মধুখালী হতে কামারখালী হয়ে মাগুরা শহর পর্যন্ত ব্রডগেজ রেলপথ নির্মাণ" শীর্ষক প্রকল্প
১৬। সিনিয়র সহকারী সচিব, পরিকল্পনা-৩, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিবের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা
২. সিনিয়র সিস্টেম এনালিষ্ট, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা ((কার্যবিবরণীটি আপলোড করার অনুরোধসহ)
৩. উপসচিব, এপিএ মনিটরিং সেল, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা
৪ সংশ্লিষ্ট নথি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
পরিকল্পনা-২ শাখা

বিষয়ঃ “মধুখালী হতে কামারখালী হয়ে মাগুরা শহর পর্যন্ত ব্রডগেজ রেলপথ নির্মাণ”-শীর্ষক প্রকল্পের পিএসসি (প্রজেক্ট স্টিয়ারিং কমিটি) সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : ড. মোঃ হুমায়ুন কবীর<br>সচিব, রেলপথ মন্ত্রণালয় |
| তারিখ ও সময় | : ১৯.০১.২০২২; ১১:৪৫ ঘটিকা |
| স্থান | : রেলপথ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৯৩০) |
| উপস্থিতি | : পরিশিষ্ট ‘ক’-তে সংযুক্ত। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি “মধুখালী হতে কামারখালী হয়ে মাগুরা শহর পর্যন্ত ব্রডগেজ রেলপথ নির্মাণ”-শীর্ষক প্রকল্পের বর্তমান অবস্থা এবং প্রকল্প বাস্তবায়নে চ্যালেঞ্জসমূহকে সামনে রেখে এজেন্ডা অনুযায়ী বিষয়গুলো সভায় উপস্থাপনের জন্য অনুরোধ করেন। অতঃপর, তিনি রেলপথ মন্ত্রণালয়ের উপসচিব জনাব মুহাম্মদ আব্দুস সালাম-কে সভার কার্যপত্রের উপর আলোচনা উপস্থাপনের জন্য অনুরোধ করেন।

২.০ উপস্থাপনা

সভায় জানানো হয়, বাংলাদেশ সরকারের অর্থায়নে (জিওবি) ১২০২৪৯.৩৫ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে “মধুখালী হতে কামারখালী হয়ে মাগুরা শহর পর্যন্ত ব্রডগেজ রেলপথ নির্মাণ”-শীর্ষক প্রকল্পটি ২৫.০৫.২০১৮ তারিখে একনেক সভায় অনুমোদিত হয়। প্রকল্পটির অনুমোদিত বাস্তবায়ন মেয়াদকাল ছিল ০১.০৫.২০১৮ থেকে ৩০.০৪.২০২২ তারিখ। প্রকল্পটি মোট দু'টি প্যাকেজে ১৯.৯০ কিমি মেইন লাইন, কামারখালী ও মাগুরা স্টেশন ইয়ার্ডে ৪.৯ কিমি লুপ লাইন, ২টি নতুন স্টেশন নির্মাণ (কামারখালী ও মাগুরা), ২৭ টি মাইনর ব্রীজ ও কালভার্ট নির্মাণ এবং সিগন্যালিং কাজ ও ইলেকট্রিক্যাল কাজের সংস্থান রয়েছে। প্রকল্পটির বিপরীতে Feasibility study, Detail Design & Tender Document তৈরীর জন্য পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের নিমিত্তে ২১.০৬.২০১৮ তারিখে EoI আহ্বান করা হয়; পরামর্শক প্রতিষ্ঠান Development Design Consultants Ltd. (DDC) and Design Planning & Management Consultants Ltd. (DPM) JV এর সাথে ২৯.০৫.২০১৯ তারিখে চুক্তিপত্র স্বাক্ষরিত হয়, যার চুক্তিমুল্য ২৭.০৭ কোটি টাকা। পরবর্তীতে পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক দু'টি ওয়ার্কস প্যাকেজের জন্য ২৯.০৯.২০২০ তারিখে Detailed Design, Detailed Estimate, Tender Document এর দরপত্র আহবান কর হয়। প্যাকেজ ডাব্লিউডি-১ (ট্র্যাক) CREC-CCCL Joint Venture (৪৩৩,৭৮,৩২,৯০৮.৫৬ টাকা) এবং প্যাকেজ ডাব্লিউডি-২ (ব্রীজ প্যাকেজ) CRCC-MAHL JV (৪৪৮,৯৪,৯২,৯৭৫.৮৬ টাকা) এর সাথে ২৩-০৫-২০২১ তারিখে চুক্তিপত্র স্বাক্ষরিত হয়। DPP অনুসারে ওয়ার্কস প্যাকেজ-এর কাজ সম্পাদনের মেয়াদ ছিল ১৮ মাস অর্থাৎ ২২.১১.২০২২ তারিখ।

সভায় আরো জানানো হয়, ডিসেম্বর, ২০২১ পর্যন্ত প্রকল্পের ভৌত কাজের অগ্রগতি ৩৩.০২% ও আর্থিক অগ্রগতি ৩২৬.৭৭ কোটি টাকা (২৭.১৭%)। নির্ধারিত মেয়াদ ০১.০৫.২০১৮ থেকে ৩০.০৪.২০২২ এর মধ্যে প্রকল্পটির কাজ শেষ করা সম্ভব হবে না উল্লেখ করে ১ম দফায় ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ৩০.০৬.২০২৪ তারিখ পর্যন্ত মেয়াদ বৃদ্ধির প্রস্তাব রেলপথ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

৩.০। আলোচনা

৩.১ প্রকল্প পরিচালক সভায় জানান, প্রকল্পটি ২৫.০৫.২০১৮ তারিখের একনেক সভায় অনুমোদিত হয়, যার অনুমোদিত বাস্তবায়ন মেয়াদকাল ছিল ০১.০৫.২০১৮ থেকে ৩০.০৪.২০২২ তারিখ। প্রকল্পটির বিপরীতে নির্বাচিত পরামর্শক প্রতিষ্ঠান Development Design Consultants Ltd. (DDC) and Design Planning & Management Consultants Ltd. (DPM) JV এর সাথে ২৯.০৫.২০১৯ তারিখে চুক্তি স্বাক্ষরিত হয়। পরবর্তীতে পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক দু'টি ওয়ার্কস প্যাকেজের জন্য ২৯.০৯.২০২০ তারিখে দরপত্র আহবান কর হয়। প্রকল্পটির প্যাকেজ দু'টির ক্রয় প্রস্তাব সিসিজিপি'র ২১.০৪.২০২১ তারিখের সভায় সুপারিশ করা হয় এবং ০১.০৫.২০২১ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। উক্ত অনুমোদনের পরিপ্রেক্ষিতে প্যাকেজ ডাব্লিউডি-১ (ট্র্যাক) এর জন্য CREC-CCCL Joint Venture এবং প্যাকেজ ডাব্লিউডি-২ (ব্রীজ প্যাকেজ) এর জন্য CRCC-MAHL JV এর সাথে ২৩-০৫-২০২১ তারিখে চুক্তি স্বাক্ষরিত হয়। তিনি আরো বলেন, DPP অনুসারে ওয়ার্কস প্যাকেজ-এর অনুমোদিত বাস্তবায়ন মেয়াদকাল ১৮ মাস অর্থাৎ ২২.১১.২০২২ তারিখ পর্যন্ত। নির্মাণ চুক্তি অনুমোদিত বাস্তবায়ন মেয়াদের শেষে হওয়া, ভূমি অধিগ্রহণ না হওয়া, মহামারী কোভিডজনিত কাজের মন্থরতা এবং কাজ সম্পন্ন হওয়ার পর বিল প্রদান, কাজ বুঝে নেওয়া ও আনুষঙ্গিক কাজ সম্পন্ন করতে প্রকল্পের মেয়াদ ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ৩০.০৬.২০২৪ তারিখ পর্যন্ত বর্ধিত করার জন্য তিনি সভায় অনুরোধ জানান।

০৩। বিস্তারিত আলোচনা শেষে নিম্নেবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক। নির্মাণ এবং মাটি ভরাটের কাজ নিয়মিত তদারকি করতে হবে।

খ। সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণের সাথে যোগাযোগ রেখে ভূমি অধিগ্রহণ নিশ্চিত করতে হবে।

গ। ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ ৩০.০৬.২০২৪ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা যেতে পারে।

০৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

09.02.2022

(ড. মোঃ হুমায়ুন কবীর)
সচিব